

(প্রেস বিজ্ঞপ্তি)

০৩ ডিসেম্বর ২০২২ খ্রি.

ছাত্রলীগ নেতা শহীদ মহিম উদ্দিনের দোয়া মাহফিলে মেয়র
ছাত্র সমাজই প্রথম স্বাধীনতার পতাকা উত্তোলনের সাহস দেখাতে পেরেছে
পাকিস্তানি হানাদার বাহিনীর রক্ত চক্ষুকে উপেক্ষা করে

এমইস কলেজ ছাত্র সংসদের সাবেক ভিপি ছাত্রলীগ নেতা শহীদ মহিম উদ্দিনের মৃত্যুবার্ষিকী উপলক্ষে আজ শনিবার সকালে নগরীর একটি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত দোয়া মাহফিলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রধান অতিথির বক্তব্য বলেন, ডিসেম্বর মাস বিজয়ের মাস। এই ডিসেম্বর কোটি মানুষের হৃদয়ে নিয়ে আসে প্রেরণা। বাংলাদেশ রাষ্ট্রের পরিচয়ে মাথা তুলে দাঁড়াবার চূড়ান্ত মাস ডিসেম্বর। ১৬ ডিসেম্বর আমরা যে বিজয় অর্জন করেছি তার মূল কাণ্ডারি ছিল বাংলাদেশ ছাত্রলীগ তথা ছাত্র সমাজ। ছাত্র সমাজই প্রথম স্বাধীনতার পতাকা উত্তোলনের সাহস দেখাতে পেরেছে পাকিস্তানি হানাদার বাহিনীর রক্ত চক্ষুকে উপেক্ষা করে। ছাত্র সমাজের সেই ভূমিকা কোন কারণে ক্ষুণ্ণ হলে আমরা লাখো শহীদের কাছে দায়ী হয়ে থাকবো। তাই নতুন প্রজন্মকে রাজনীতির সঠিক ইতিহাস সম্পর্কে ধারণা নিয়ে আগামীর সুন্দর ভবিষ্যত গড়তে হবে।

শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইফুল আলম বাবুর সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন-চসিক প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, সাবেক কাউন্সিলর মো. মোরশেদ আকতার চৌধুরী, আওয়ামী লীগ নেতা আবদুল লতিফ টিপু, সাজ্জাদুর রহমান সাজু, শাহজাহান, রতন প্রমুখ।

মেয়র আরো বলেন, স্বৈরাচার বিরোধী আন্দোলনে চট্টগ্রাম ছাত্রলীগের ভূমিকা অপরিসিম। এই কারণে ছাত্রনেতা মহিম সহ অনেককে অকালে প্রাণ দিতে হয়েছে। তাদের আত্মত্যাগের বিনিময়ে স্বৈরাচার শাসনের পতন নিশ্চিত হয়। তিনি প্রসঙ্গক্রমে বলেন, সমাজে নানা অবক্ষয় শুরু হয়েছে। এই অবক্ষয় থেকে মুক্ত থাকতে হলে সৎ জীবন যাপন অপরিহার্য। বর্তমান রাজনীতিতেও শুদ্ধাচার ঘটতে হবে। মেয়র আগামীকাল পলোথ্রাউন্ড মাঠের জনসভাকে কেন্দ্র করে নগরীতে যে উৎসমুখর পরিবেশ তৈরী হয়েছে তা পরিষ্কৃত করতে নেতা কর্মীদের ভূমিকা রাখার আহ্বান জানান।

দোয়া মাহফিলে মোনাজাত পরিচালনা করেন জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদের খতিব হাফেজ মাওলানা আহমেদু হক।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩